

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

নবম শ্রেণিঃ বাংলা

ওয়ার্কশিটঃ দ্বিতীয়

পূর্ণমান - ২০

■ ১) সঠিক উত্তরটি বেছে লেখোঃ (১×১০=১০)

১.১. 'নোঙর' কবিতার মূলগ্রন্থটি হল -

(ক) অণুস্মৃতি (খ) হেমন্তের অরণ্যে আমি পোস্টম্যান

(গ) শাদা মেঘ কালো পাহাড় (ঘ) ঘুমিয়েছ ঝাউপাতা।

১.২. নোঙর পড়ে গিয়েছে -

(ক) তটের কিনারে (খ) নদীর মাঝে

(গ) গলুইয়ের ওপর (ঘ) সমুদ্রের জলে।

১.৩. জোয়ারের ঢেউগুলি এ-তরীতে মাথা ঠুকে ছুটে যায় -

(ক) জলাশয়ে (খ) সুন্দরের দিকে

(গ) নদীর মাঝে (ঘ) সমুদ্রের দিকে।

১.৪. নিস্তন্ধ মুহূর্তগুলি কেঁপে ওঠে -

(ক) মানুষের কোলাহলে (খ) সাগরগর্জনে

(গ) নদীর স্রোতে (ঘ) ভাটিয়ালি সুরে।

১.৫. 'কাছি' শব্দের অর্থ হল -

(ক) কচ্ছপ (খ) ডলফিন

(গ) মোটা দড়ি (ঘ) কোনোটাই নয়।

১.৬. টেনিদা চরিত্রের স্রষ্টা হলেন -

(ক) নারায়ণ গঙ্গোপাধ্যায় (খ) সুনীল গঙ্গোপাধ্যায়

(গ) সত্যজিৎ রায় (ঘ) হেমেন্দ্রকুমার রায়।

১.৭. 'দাম' গল্পে গল্পকথকের শিক্ষক স্কুলে যে বিষয় পড়াতেন, সেই বিষয়টি হল -

(ক) বাংলা (খ) অঙ্ক

(গ) ইতিহাস (ঘ) দর্শন।

১.৮. যে পরীক্ষা পাশ করার পর গল্পকথক অঙ্কের হাত থেকে রেহাই পেয়েছিলেন, তা হল -

(ক) ম্যাট্রিকুলেশন (খ) অর্ধবার্ষিকী

(গ) স্নাতক (ঘ) স্নাতকোত্তর।

১.৯. নিজের ছেলেবেলা নিয়ে গল্প লিখতে গিয়ে গল্পকথকের মনে পড়েছিল -

(ক) মায়ের কথা (খ) বাবার কথা

(গ) প্লেটোর কথা (ঘ) মাস্টারমশাইয়ের কথা।

১.১০. 'দাম' গল্পে গল্পকথক বক্তৃতার সময় রবীন্দ্রনাথের উদ্ধৃতি দিয়েছিলেন -

(ক) ১টি (খ) ৫টি

(গ) ১২টি (ঘ) একটিও না।

■ ২) কমবেশি ২০ শব্দে উত্তর দাও। (১×৫=৫)

২.১. 'নোঙর' কবিতায় কবি কোথায় পাড়ি দিতে চান?

২.২. 'নোঙর' কবিতায় কবি স্রোতের বিদ্রূপ শোনে কখন?

২.৩. 'দাম' গল্পে গল্পকথক পত্রিকায় গল্প লিখে কতটাকা পারিশ্রমিক পেয়েছিলেন?

২.৪. 'দাম' গল্পে গল্পকথকের কী কারণে বাংলাদেশের কলেজ থেকে ডাক এসেছিল?

২.৫. 'দাম' গল্পে গল্পকথক সর্বার্থসাধক বক্তৃতা বলতে কী বুঝিয়েছেন?

■ ৩) কমবেশি ১৫০ শব্দে উত্তর দাও। (৫×১=৫)

৫.১. 'সারারাত তবু দাঁড় টানি' - কবি দাঁড় টানার মাধ্যমে কোথায় পৌঁছাতে চান? তাঁর দাঁড় টানা

বিরামহীন কেন? (২+৩=৫)